

বাংলাদেশ

## দায় ও দরদ থেকে এ দেশটাকে গড়ে তুলতে হবে: শিক্ষা উপদেষ্টা

বিশেষ প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২০ মার্চ ২০২৫, ০১: ১৬



শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার) ফাইল ছবি

শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার) বলেছেন, ছাত্র-জনতার আন্দোলনের মাধ্যমে একটি নতুন সমাজ পেয়েছি। আমাদের দায় ও দরদ থেকে এ দেশটাকে গড়ে তুলতে হবে। আমরা সুযোগ পেয়েছি নতুন চিন্তা করার, ন্যায়নিষ্ঠ সমাজ গড়ার, যে সমাজের প্রত্যেকটি নাগরিক সমান।

আজ বুধবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ‘বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ করণীয়’ শীর্ষক সেমিনারে শিক্ষা উপদেষ্টা এসব কথা বলেন। মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়।

সি আর আবরার বলেন, দেশে তিনটি ধারায় শিক্ষাব্যবস্থা পরিচালিত হয়। এর মধ্যে মাদ্রাসা শিক্ষা একটি অন্যতম ধারা। এ শিক্ষার সঙ্গে প্রায় ৩০ থেকে ৪০ লাখ ছাত্রছাত্রী ও দুই লাখ শিক্ষক সম্পৃক্ত। সমাজের সুবিধাবঞ্চিত ও অসচ্ছল পরিবার থেকে আসা ছাত্রছাত্রীদের দেখভালের দায়িত্ব মাদ্রাসা শিক্ষকদের। সঠিকভাবে দায়িত্ব পালনের মাধ্যমে মেধা, যোগ্যতা, সময় ও সুযোগের সদ্যবহার করে তাদের কর্মক্ষম করে তোলার দায়িত্ব শিক্ষকদের।

বাংলাদেশ গঠন হওয়ার পর থেকে প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে যঁারা শহীদ হয়েছেন এবং '২৪-এর গণ-অভ্যুত্থানে ছাত্র, শ্রমিক, জনতা যঁারা শহীদ ও আহত হয়েছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানান শিক্ষা উপদেষ্টা। তিনি বলেন, 'আমাদের গর্বের সঙ্গে মনে রাখতে হবে ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ থেকে প্রতিটি গণতান্ত্রিক আন্দোলন এবং '২৪-এর গণ-অভ্যুত্থানে মাদ্রাসা ছাত্রদেরও ভূমিকা ছিল।'

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের অধ্যাপক সলিমুল্লাহ খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের অধ্যাপক এ বি এম সিদ্দিকুর রহমান নিজামী, মিরপুরের মাদ্রাসা দারুল রাশাদের শিক্ষা পরিচালক মাওলানা মোহাম্মদ লিয়াকত আলী। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের জ্যেষ্ঠ সচিব সিদ্দিক জোবায়ের।

